

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.০১২(অংশ-৩)-৯৪


তারিখ : ০৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২১ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বদলিজনিত কারণে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকায় সন্তান ভর্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ হোসেন (১৫৩৫৮), উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের উনি-২ শাখার গত ০৬/০৩/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩১.১৯.০২২.১৮.১৮৩ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ১২/০৩/২০১৯ তারিখে উপসচিব পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করেন। তাঁর মেয়ে তাসমিয়া হোসেন অস্ট্রেলিয়া-তে অবস্থানকালীন ৪ বছর ইংরেজি মাধ্যমে পড়াশোনা করে ৬ষ্ঠ গ্রেড সম্পন্ন করেছে। তিনি বদলিজনিত কারণে তাঁর মেয়েকে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল শাখায় ৭ম শ্রেণির ইংরেজি মাধ্যমে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন। এছাড়া তাঁর ছেলে মোহাম্মদ ওয়াসিফ হোসেন অস্ট্রেলিয়া-তে অবস্থানকালীন ৪ বছর ইংরেজি মাধ্যমে পড়াশোনা করে ৪র্থ গ্রেড সম্পন্ন করেছে। তিনি বদলিজনিত কারণে তাঁর ছেলেকে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল শাখায় ৪র্থ শ্রেণির ইংরেজি মাধ্যমে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতাবস্থায়, জনাব মোহাম্মদ হোসেন (১৫৩৫৮), উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর সন্তানদ্বয়কে আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকায় ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(আনোয়ারুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৪২৫

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

উপ-পরিচালক


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩০.১৫(অংশ)-৯৪

তারিখ : ০৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২১ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব মোহাম্মদ হোসেন (১৫৩৫৮), উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা।


(আনোয়ারুল হক)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.০১২(অংশ-৩)-৯৫


তারিখ : ১১ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বদলিজানিত কারণে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকায় সন্তান ভর্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব শরীফ মোঃ ইসমাইল হোসেন, উপসচিব (সংসদ), জনপ্রশাসন মন্ত্রণালয়ের উনি-২ শাখার গত ১১/০২/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩১.১৯.০২২.১৮.১৮৩ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে ১৭/০২/২০১৯ তারিখে উপসচিব পদে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে যোগদান করেন। তাঁর মেয়ে যারিন তাসনিম চিলড্রেন ভয়েস স্কুল, বয়রা, খুলনায় ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত। তিনি বদলিজানিত কারণে তাঁর মেয়েকে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলি রোড সিক্সথ্রী, ঢাকায় ৬ষ্ঠ শ্রেণিতে মর্নিং শাখায় ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন। উল্লেখ্য, “বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা” এর অনুচ্ছেদ ১৬.৪ অনুসারে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে শুধুমাত্র ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত বেসরকারি বিদ্যালয়ে ২% কোটা সংরক্ষিত থাকার বিধান রয়েছে।

০২। বর্ণিতব্য, জনাব শরীফ মোঃ ইসমাইল হোসেন, উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর মেয়েকে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলি রোড সিক্সথ্রী, ঢাকায় ৬ষ্ঠ শ্রেণিতে মর্নিং শাখায় ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(আনোয়ারুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৪২৫

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd


অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩০.১৫(অংশ)-৯৫

তারিখ : ১১ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব শরীফ মোঃ ইসমাইল হোসেন, উপসচিব (সংসদ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।


(আনোয়ারুল হক)
উপসচিব